যায়যায়দিন

তারিখঃ ০৫-০২-২০২৩ (পৃঃ ১৬,১৫)

# প্রধানমন্ত্রী ব্রিতে আসছেন ২৩ ফেব্রুয়ারি

■ গাজীপুর প্রতিনিধি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৩ ফেব্রুয়ারি গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে ব্রির সুবর্ণজয়ন্তী এবং বঙ্গবন্ধু পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেবেন।

প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রধান ও প্রযুক্তি সম্পাদক মো. রাশেল রানা জানান, গত ৩১ জানুয়ারি প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১ ইসমাত মাহমুদা স্বাক্ষরিত এক পত্রে প্রধানমন্ত্রীর আগমনের এ তথ্য জানানো হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগামী ২৩ ফেব্রুয়ারি ব্রির ● পৃষ্ঠা ১৫ কলাম ৪

# প্রধানমন্ত্রী ব্রিতে আসছেন

(শেষ পৃষ্ঠার পর)

সদর দপ্তরে আগমন উপলক্ষে শনিবার ব্রির প্রশিক্ষণ ভবনে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কৃষি সচিব ওয়াহিদা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ডক্টর শেখ মোহাম্মদ বখতিয়ার, ব্রির মহাপরিচালক ডক্টর মো. শাহজাহান কবীর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ডক্টর দেবাশীষ সরকার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(পরিকল্পনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশ্রী বড়ুয়া, ব্রির পরিচালক (গবেষণা) ডক্টর মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ডক্টর মুন্নুজান খানমসহ কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা এবং ব্রির সব বিভাগীয় প্রধান ও জ্যেষ্ঠ বিজ্ঞানীরা উপস্থিত ছিলেন।

সভায় প্রধানমন্ত্রীর ব্রি সদর দপ্তরে আগমন উপলক্ষে প্রস্তুতির বিষয়াদি কৃষি সচিবকে অবহিত করা হয়। এ সময় তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন। পরে তিনি প্রধানমন্ত্রীর সম্ভাব্য পরিদর্শন স্থানগুলো ঘুরে দেখেন।

যায়যায়দিন
তারিখঃ ০৫-০২-২০২৩ (পৃঃ ১৫)

# ধান উৎপাদনে যান্ত্রিকীকরণের ওপর গুরুত্ব দিতে হবে: কৃষি সচিব

কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার বলেছেন, 'ধান উৎপাদনে যান্ত্রিকীকরণের ওপর গুরুত্ব দিতে হবে। ধান আমাদের প্রধান খাদ্য এবং খাদ্য নিরাপত্তা বলতে আমরা ধান বা চালের নিরাপত্তাকেই বুঝি। তাই ধান উৎপাদনে ব্রি কৃষিযন্ত্র নির্মাণকারী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয় করে যান্ত্রিকীকরণ প্রক্রিয়াকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে।'

শনিবার বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটে চলমান 'যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)' শীর্ষক প্রকল্পের মধ্যবর্তী কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি আউশের আবাদ ও উৎপাদন বাড়ানোর ওপরও গুরুত্বারোপ করেন।

গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে কর্মশালার আয়োজন করে ব্রি'র খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগ। ব্রি'র মহাপরিচালক ডক্টর মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন- বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ডক্টর শেখ মোহাম্মদ বখতিয়ার, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের মহাপরিচালক ডক্টর দেবাশীষ সরকার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশ্রী বড়ুয়া, ব্রি'র পরিচালক (গবেষণা) ডক্টর মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ডক্টর মুনুজান খানমসহ ব্রি'র সব বিভাগীয় প্রধান ও জ্যেষ্ঠ বিজ্ঞানীরা। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসএফএমআরএ প্রকল্পের প্রকল্প পরিচালক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ডক্টর এ কে এম সাইফুল ইসলাম।

মূল প্রবন্ধে সাইফুল ইসলাম জানান, প্রকল্পের আওতায় এখন পর্যন্ত চারটি কৃষিযন্ত্র যেমন- ব্রি বীজ বপন যন্ত্র, ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার, ব্রি সোলার লাইট ট্র্যাপ ও ব্রি দড়ি পাকানোর যন্ত্র উদ্ভাবন ও সম্প্রসারণ করা হয়েছে। এ ছাড়া ব্রি ম্যানুয়াল রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার উইডারসহ আরও প্রায় আটটি যন্ত্রপাতি তৈরির কাজ চলমান। তিনি প্রকল্পের আওতায় উদ্ভাবিত ও উন্নয়নকৃত যন্ত্রপাতির কার্যক্রম বিস্তারিত তুলে ধরেন। এসএফএমআরএ প্রকল্পের আওতায় সাতটি বিভাগের ১২ জেলার ১২ উপজেলায় প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদকাল ২০১৯ সালের ১ জুলাই থেকে ২০২৪ সালের ৩০ জুন।

বিশেষ অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশ্রী বড়ুয়া বলেন, 'পৃথিবীর প্রেক্ষাপট মাথায় রেখে ব্যবহারিক দিককে গুরুত্ব দিয়ে কৃষি যন্ত্রপাতি প্রস্তুত করতে হবে। আমদানি-নির্ভরশীলতা কমিয়ে নিজের যে বিশাল বাজার, তা নিজেরাই ব্যবহার করতে হবে। তাহলে কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক, দেশীয় উদ্যোক্তা ও ব্যবহারকারী কৃষক সবাই লাভবান হবেন।'

সভাপতির বক্তব্যে ব্রি'র মহাপরিচালক ডক্টর মো. শাহজাহান কবীর এসএফএমআরএ প্রকল্পের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে বলেন, 'এই প্রকল্পের সুফল কৃষকের দোরগোড়ায় পৌঁছে দিতে পারলে আগামীতে কৃষি যান্ত্রিকীকরণে বিপ্লব ঘটবে। এসএফএমআরএ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো- টেকসই ধান চাষাবাদের লক্ষ্যে লাগসই কৃষি যন্ত্রপাতি উন্নয়ন ও আধুনিকায়নের জন্য খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম জোরদারকরণ।'

সংবাদ বিজ্ঞপ্তি

দেশ রূপান্তর

তারিখঃ ০৫-০২-২০২৩ (পৃঃ ০৩)

# প্রধানমন্ত্রী ২৩ ফেব্রুয়ারি ব্রিতে যাচ্ছেন

গাজীপুর প্রতিনিধি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৩ ফেব্রুয়ারি গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে ব্রির সুবর্ণজয়ন্তীতে অংশগ্রহণ এবং বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তিকেন্দ্র উদ্বোধন করবেন। ব্রি প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রযুক্তি সম্পাদক ও প্রধান মো. রাশেল রানা বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৩ ফেব্রুয়ারি ব্রির সদর দপ্তরে আগমন করবেন। প্রধানমন্ত্রী ব্রির সুবর্ণজয়ন্তীতে অংশগ্রহণ এবং বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তিকেন্দ্র উদ্বোধন করবেন। এ উপলক্ষে শনিবার ব্রি প্রশিক্ষণ ভবনে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তারের সভাপতিত্বে সভায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান, ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশ্রী বড়ুয়া, ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান উপস্থিত ছিলেন।

নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

তারিখঃ ০৫-০২-২০২৩ (পৃঃ ০১,০২)

# প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৩ ফেব্রুয়ারি ব্রি'তে যাচ্ছেন

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) সদর দপ্তরে আয়োজিত ব্রি'র সুবর্ণজয়ন্তী এবং বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৩ ফেব্রুয়ারি গাজীপুরে আসছেন।

প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১ ইসমাত মাহমুদা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। শনিবার ব্রি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরও বিষয়টি নিশ্চিত করেন।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন উপলক্ষে শনিবার ব্রি'র সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তারের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, ব্রি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) (২ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## প্রধানমন্ত্রী শেখ

(প্রথম পৃষ্ঠার পর)

মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্র শ্রী বড়ুয়া ও ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান প্রমুখ। সভায় প্রধানমন্ত্রীর ব্রি সদর দপ্তরে আগমন উপলক্ষে প্রস্তুতির বিষয়াদি কৃষি সচিবকে অবহিত করা হয়।

নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

তারিখঃ ০৫-০২-২০২৩ (পৃঃ ১১)

# ‘কৃষি যান্ত্রিকীকরণে গুরুত্ব দিতে হবে’

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার বলেছেন, ধান উৎপাদনে যান্ত্রিকীকরণের ওপর গুরুত্ব দিতে হবে। ধান আমাদের প্রধান খাদ্যশস্য এবং খাদ্য নিরাপত্তা বলতে আমরা ধান বা চালের নিরাপত্তাকেই বুঝি। তাই ধান উৎপাদনে ব্রি কৃষিযন্ত্র নির্মাণকারী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয় করে যান্ত্রিকীকরণ প্রক্রিয়াকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে।

শনিবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) চলমান যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পের মধ্যবর্তী কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের সচিব এ সব কথা বলেন। ব্রি সদর দপ্তর এই কর্মশালাটির আয়োজন করে। ব্রির মহাপরিচালক ড. শাহজাহান কবীর এ কর্মশালায় সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) রবীন্দ্রশ্রী বড়ুয়া, ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানমসহ ব্রির সকল বিভাগীয় প্রধান ও জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসএফএমআরএ প্রকল্পের প্রকল্প পরিচালক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. একেএম সাইফুল ইসলাম।